

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৪। আমার শুচি মাতা, আচার পিতা, চিরকাল যার ছিলাম কোলে।
আমার দশা দেখে, মনের দুঃখে, তারা আমায় ফেলল ঠেলে ॥
- ৫। বলে গৌসাই মহানন্দ, অশ্বিনী তুই অবোধ ছেলে।
যারে মাতা ছাড়ে, পিতা ছাড়ে,

অস্তিমে হরিচাঁদ তারে করে কোলে ॥

১১৭ নং তাল-একতালা

হরিচাঁদ দৃষ্টি ভূতে, ভূতে পেল যারে,
কি অদ্ভুত সেই ভূতের দৃষ্টিরে।

পঞ্চ ভূতের দফা সারে, হারে কৰ্মসারে ॥

- ১। নাই তার গুরুজন্যার ভয়, কখন প্রলাপ বাক্য কয়,
কখন হাসে কখন কাঁদে, কখন ধূলায় গড়ি যায়।
কখন বীরাচারে হুক্মার ছাড়ে, কখন বরুণ স্বরে রোদন করে,
কত রোদন করে ॥
- ২। নিরাশ্রয় ছাড়া ভিটায় রয়, নাই তার ঘৃণা লজ্জা ভয়,
আহার বিহার দেখলে পরে, জীবের লাগে ভয়,
ও তার লক্ষ্য বান্ধ, দেখলে পরে, কত গৃহবাসী গৃহ ছাড়ে,
হারে গৃহ ছাড়ে ॥
- ৩। ভৈরবী ভৈরব রবে, কি যেন বলে কি ভেবে,
সে ভারতী বুঝবে' শক্তি ধরে কি সবে,
ও তা বুঝলে পরে কৰ্ম সারে,
অমনি দৃষ্টি ভূতে ধরে তারে, হারে ধরে তারে ॥
- ৪। দৃষ্টি রোগের নাই বিধান, আয়ুর্বেদ খুঁজিলে নিদান,
তন্ত্রে মন্ত্রে সারে না রোগ, হ'ল বৈদ্য হতজ্ঞান।
কত ওঝা বৈদ্য হল হৃদ, দৃষ্টিরোগ না সারতে পারে,
হারে সারতে পারে ॥